

আমায় ক্ষমো হে ক্ষমো, নমো হে নমো, তোমায় স্মরি, হে নিরুপম,
নৃত্যরসে চিত্ত মম উছল হয়ে বাজে ॥

আমার সকল দেহের আকুল রবে মল্লহারা তোমার স্তবে
ডাইনে বামে ছন্দ নামে নবজনমের মাঝে ।
বন্দনা মোর ভঙ্গিতে আজ সঙ্গীতে বিরাজে ॥

একি পরম ব্যথায় পরান কাঁপায়, কাঁপন বক্ষে লাগে ।
শান্তিসাগরে ঢেউ খেলে যায়, সুন্দর তায় জাগে ।
আমার সব চেতনা সব বেদনা রচিল এ যে কী আরাধনা—
তোমার পায়ে মোর সাধনা মরে না যেন লাজে ।
বন্দনা মোর ভঙ্গিতে আজ সঙ্গীতে বিরাজে ॥

কানন হতে তুলি নি ফুল, মেলে নি মোরে ফল ।
কলস মম শূন্যসম, ভরি নি তীর্থজল ।
আমার তনু তনুতে বাঁধনহারা হৃদয় ঢালে অধরা ধারা—
তোমার চরণে হোক তা সারা পূজার পুণ্য কাজে ।
বন্দনা মোর ভঙ্গিতে আজ সঙ্গীতে বিরাজে ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail